

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
অধিশাখাঃ কারিগরি-২
www.moedu.gov.bd

কারিগরি শিক্ষাক্ষেত্রে ভর্তি নীতিমালা-২০১৭

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ৪ বছর মেয়াদি ডিপ্লোমাইন ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন টেকনোলজি ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা ইন গার্মেন্টস ডিজাইন এন্ড প্যাটার্ন মেকিং, ডিপ্লোমা ইন ফরেস্ট্রি, ডিপ্লোমা ইন এগ্রিকালচার, ডিপ্লোমা ইন জুট টেকনোলজি, ডিপ্লোমা ইন মেডিক্যাল টেকনোলজি, ডিপ্লোমা ইন ফিসারিজ, ডিপ্লোমা ইন লাইভস্টক, ডিপ্লোমা ইন ট্যুরিজম এন্ড হসপিটালিটি, ২ বছর মেয়াদি এইচএসসি (বিজনেস ম্যানেজমেন্ট), এইচএসসি (ভোকেশনাল), ডিপ্লোমা ইন কমার্স, সার্টিফিকেট ইন মেরিন ট্রেড এবং ১ বছর মেয়াদি স্কিল সার্টিফিকেট কোর্সের জন্য নিম্নরূপ “ভর্তি নীতিমালা-২০১৭” প্রণয়ন করা হলো।

১.০ সংজ্ঞা :

- ১.১ ‘বোর্ড’ বলতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বোঝাবে;
- ১.২ ‘কলেজ’ ও ‘ইন্সটিটিউট’ বলতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে পাঠদানের জন্য অনুমতিপ্রাপ্ত বা স্বীকৃতিপ্রাপ্ত কোন শিক্ষা প্রতিষ্ঠানকে বোঝাবে;
- ১.৩ ‘নির্ধারিত ফরম’ বলতে ভর্তির জন্য বোর্ড কর্তৃক নির্ধারিত আবেদন ফরম অর্থাৎ অনলাইনে প্রদর্শিত আবেদন ফরম বোঝাবে;
- ১.৪ ‘শিক্ষার্থী’/‘প্রার্থী’ বলতে ছাত্র ও ছাত্রী উভয়কে বোঝাবে।

২.০ শিক্ষাক্রম ও ভর্তির আবেদনের যোগ্যতা

শিক্ষাক্রম	ভর্তির শিক্ষাগত যোগ্যতা
২.১ সরকারি প্রতিষ্ঠান (৪ বছর মেয়াদি ডিপ্লোমা) :	২০১৫, ২০১৬ ও ২০১৭ সালে দেশের সকল শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত এসএসসি / দাখিল/ এসএসসি (ভোকেশনাল)/ দাখিল (ভোকেশনাল)/ সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ছেলেদের ভর্তির ক্ষেত্রে সাধারণ গণিত বা উচ্চতর গণিতে জিপিএ ৩.০০ সহ কমপক্ষে জিপিএ ৩.৫০ প্রাপ্ত শিক্ষার্থীরা এবং মেয়েদের ভর্তির ক্ষেত্রে সাধারণ গণিত বা উচ্চতর গণিতে জিপিএ ৩.০০ সহ কমপক্ষে জিপিএ ৩.০০ প্রাপ্ত শিক্ষার্থীরা এবং ‘ও’ লেভেলে যেকোন একটি বিষয়ে ‘সি’ গ্রেড এবং গণিতসহ অন্য যেকোন দুটি বিষয়ে নূন্যতম ‘ডি’ গ্রেড পেয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে।
সরকারি প্রতিষ্ঠান (৪ বছর মেয়াদি ডিপ্লোমা)	২০১৫, ২০১৬ ও ২০১৭ সালে দেশের সকল শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত এসএসসি ও দাখিল/ এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল)/ সমমানের পরীক্ষায় উত্তীর্ণ কমপক্ষে জিপিএ ২.৭৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এবং ‘ও’ লেভেলে যেকোন একটি বিষয়ে ‘সি’ গ্রেড এবং গণিতসহ অন্য যেকোন দুটি বিষয়ে
২.১.৬ ডিপ্লোমা ইন এগ্রিকালচার	
২.১.৭ ডিপ্লোমা ইন ফিসারিজ	
২.১.৮ ডিপ্লোমা ইন ফরেস্ট্রি	

